



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৫
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৬
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা	২১

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়ার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বিদ্যুৎ খাতের প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ২০১৭ সালের স্থাপিত উৎপাদন ক্ষমতা ১৫,৭৫০ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে ২০২০ সালে ২৩,৫৪৮ (২,৮০০ মে:ও: ক্যাপিট ও ৩৫৭ মেগাওয়াট নবায়নযোগ্য জ্বালানিসহ) মেগাওয়াটে উন্নীত হয়েছে। গত ৩ বছরে সামগ্রিক সিস্টেম লস প্রায় ১% হ্রাস পেয়েছে। বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এরই ফলশ্রুতিতে এ সময়ে ১,৮৪৭ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন ও ১ লক্ষ ৮ হাজার কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ করা হয়েছে এবং নতুন ১ কোটি ১৫ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। ফলে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা ৮০% থেকে ৯৭.৫% এ উন্নীত হয়েছে। মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪৩৩ কিলোওয়াট-ঘন্টা থেকে বৃদ্ধি পেয়ে ৫১২ কিলোওয়াট-ঘন্টা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সীমিত সম্পদ দিয়ে আমাদের মত উন্নয়নশীল দেশের চাহিদার সাথে ভারসাম্য রক্ষা করে বিদ্যুৎ উৎপাদন করা কঠিন কাজ। বিশ্ব রাজনীতিতে পরিবর্তন, বৈদেশিক বিনিয়োগ হ্রাস এবং নিজস্ব সম্পদের সীমাবদ্ধতা বিদ্যুৎখাতে উন্নয়নের জন্য একটি বড় সমস্যা। বিদ্যুৎ খাতের পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২০২১ সালে ২৪ হাজার মেগাওয়াট, ২০৩০ সালে ৪০ হাজার মেগাওয়াট এবং ২০৪১ সালে ৬০ হাজার মেগাওয়াট। এই লক্ষ্যমাত্রা অর্জনে বিনিয়োগ একটি বড় চ্যালেঞ্জ। বিনিয়োগের পাশাপাশি জ্বালানি সরবরাহ করাও একটি বড় চ্যালেঞ্জ হবে। বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রাকৃতিক গ্যাসের উপর নির্ভরশীলতা দিন দিন কমে যাচ্ছে। ২০০৯-১০ অর্থ বছরে গ্যাস থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল প্রায় ৮৯%, যা ২০১৯-২০ অর্থ বছরে কমে ৭২% হয়েছে। ২০০৯-১০ অর্থ বছরে তরল জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৫.৯৩, ২০১৬-১৭ ছিল ২১.৯৬ শতাংশ যা ২০১৯-২০ এ ১৩ শতাংশ দাঁড়িয়েছে। তরল জ্বালানির শতভাগ বিদেশ থেকে আমদানি করতে হয় বিধায় বিপুল পরিমাণ বৈদেশিক অর্থ ব্যয় করতে হয়। জ্বালানি নিরাপত্তা বিধানের লক্ষ্যে নতুন পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস/এলএনজি ও কয়লাকে মুখ্য জ্বালানি হিসেবে বিবেচনা করা হয়েছে। এক্ষেত্রে এল এন জি ও কয়লা আমদানির অবকাঠামো নির্মাণও একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

২০৪১ সালে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ৬০ হাজার মেগাওয়াট। এর জন্য প্রকল্পে অর্থায়ন, বিনিয়োগ বৃদ্ধি, জ্বালানি বহুমুখিকরণ, দক্ষ জনবল প্রতিষ্ঠা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎখাতের পারফরমেন্স উন্নয়ন ও উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি পর্যাপ্ত সঞ্চালন ও বিতরণ অবকাঠামো নির্মাণ ও আইসিটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আশা করা যায় ডিসেম্বর ২০২০ সালের মধ্যে দেশের শতভাগ জনগণ বিদ্যুৎ সুবিধার আওতায় আসবে।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি ১০০% এ উন্নীতকরণ।
- সরকারি ও বেসরকারিখাতে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা ১,৯৫৪ মেগাওয়াট বৃদ্ধি;
- ৩২,২৭০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ৫০০ সার্কিট কিলোমিটার নতুন সঞ্চালন লাইন নির্মাণ এবং
- ৫,৫০,০০০ টি প্রি-পেইন্ট মিটার স্থাপন।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

যৌক্তিক ও সহনীয় মূল্যে সকল জনগণের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন
২. বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৩. বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন
৪. বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন
৫. টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. ১) বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন। ২) বিদ্যুৎ খাতের আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়ন, সংশোধন ও হালনাগাদকরণ। ৩) বিদ্যুৎ উৎপাদনে জ্বালানির ব্যবহার বহুমুখীকরণ। ৪) বিদ্যুৎ খাতে যৌথ উদ্যোগ ও বেসরকারি বিনিয়োগে উৎসাহ প্রদান। ৫) পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন। ৬) বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানিসমূহের কার্যক্রম তদারকি। ৭) নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয় কার্যক্রমের উন্নয়ন। ৮) প্রতিবেশি দেশসমূহের মধ্যে বিদ্যুৎ আমদানি-রপ্তানি এবং হাইড্রো-পাওয়ার প্রকল্পের বিনিয়োগে অংশগ্রহণ। ৯) বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২১-২০২২	২০২২-২০২৩		
১) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সম্প্রসারণ	বৃদ্ধিপ্রাপ্ত বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা	%	৯৪.০১	৯৭.৫	১০০	১০০	১০০	অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, পাওয়ার সেল, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট
২) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন	সিস্টেম লস	%	৯.০৯	৮.৭৩	৯.০০	৮.৯০	৮.৮০	অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, পাওয়ার সেল, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও বিদ্যুৎ বিভাগ।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট
৩) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	SAIDI	মিনিট	১১৭৫	৯৩৫	১১০০	১০০০	৯০০	বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিভাগ।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট
৪) নবায়নযোগ্য জ্বালানির প্রসার।	নবায়নযোগ্য জ্বালানির উৎপাদন ক্ষমতা বৃদ্ধি।	মেগাওয়াট	৩৪২.৬৩	৪১৭.৫১	৫২	১৫০	৩০০	বিউবো, পরিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো, শ্রেডা, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিভাগ।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস, শ্রেডা ও পাওয়ার সেল-এর রিপোর্ট।

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রপালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন	২৫	[১.১] বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণ কাজের তদারকি।	[১.১.১] তদারকির মাধ্যমে সম্প্রসারণকৃত বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ নিশ্চিতকৃত	সমষ্টি	কি:মি:	২	৭৫৬০৩	৫৪৩৬৭.৫	৩২২৭০	৩২০০০	৩১০০০	৩০০০০	২৯০০০	১২০০০	৬০০০
			[১.১.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ কাজের তদারকি নিশ্চিতকৃত	সমষ্টি	সংখ্যা	২			১৫	১৪	১৩	১২	১১	২০	২৫
		[১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন কাজের তদারকি।	[১.২.১] তদারকির মাধ্যমে নতুন সংযোজিত উপকেন্দ্র স্থাপন নিশ্চিতকৃত	সমষ্টি	এমভিএ	২	৩৮৬০	৪৫৫০.৩২	৩২৮৬	৩২০০	৩১০০	৩০০০	২৯০০	২৫০০	২০০০
			[১.২.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে নতুন উপকেন্দ্র স্থাপন কাজের তদারকি নিশ্চিতকৃত	সমষ্টি	সংখ্যা	২			১৫	১৪	১৩	১২	১১	২০	২৫
		[১.৩] প্রি-পেমেন্ট মিটার স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণ।	[১.৩.১] তদারকির মাধ্যমে নতুন প্রি-পেমেন্ট মিটার স্থাপন নিশ্চিতকৃত	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	২	৭.৯৮	১০.৩৭	৫.৫০	৫.২৫	৫.০০	৪.৭৫	৪.৫০	১০	১৫
			[১.৩.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে প্রি-পেমেন্ট মিটার স্থাপন কাজের তদারকি নিশ্চিতকৃত	সমষ্টি	সংখ্যা(বি ও বি কেন্দ্র)	২			১৫	১৪	১৩	১২	১১	২০	২৫
		[১.৪] নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ।	[১.৪.১] হাসকৃত SAIDI	ক্রমপঞ্জীভূত	মিনিট	২	১১৭৫	৯৩৫	১১০০	১১২০	১১৪০	১১৬০	১১৮০	৯০০	৮০০
		[১.৫] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু কার্যক্রম নিশ্চিতকরণ।	[১.৫.১] ইস্যুকৃত লাইসেন্স	সমষ্টি	সংখ্যা	২	১৫৪১১	১১২৪২	৮৫০০	৮৪০০	৮৩০০	৮২০০	৮১০০	১০০০০	১১০০০
		[১.৬] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন কার্যক্রম নিশ্চিতকরণ	[১.৬.১] নবায়নকৃত লাইসেন্স	সমষ্টি	সংখ্যা	২	১৬৮৩২	১৭৬৩৩	১৩৫০০	১৩০০০	১২৫০০	১২০০০	১১৫০০	১৪০০০	১৫০০০
		[১.৭] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান কার্যক্রম নিশ্চিতকরণ	[১.৭.১] অনুমোদনকৃত উপকেন্দ্র	সমষ্টি	সংখ্যা	২	৩৫২৯	৩১৬৪	৩২০০	৩১০০	৩০০০	২৯০০	২৮০০	৩৫০০	৪০০০
[১.৮] বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধিকরণ	[১.৮.১] বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা	ক্রমপঞ্জীভূত	%	২	৯৪.০১	৯৭.৫	১০০	৯৯	৯৯	৯৭.৫		১০০	১০০		
[১.৯] গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ	[১.৯.১] আয়োজিত গণশুনানী	সমষ্টি	সংখ্যা	২	৪	৬	৮	৭	৬	৫	৪	১২	১৬		
[১.১০] বৈদ্যুতিক লাইসেন্স প্রদান কার্যক্রম সফলক্রিয়করণ।	[১.১০.১] বৈদ্যুতিক লাইসেন্স প্রদান কার্যক্রমে সফলক্রিয় ব্যবস্থা প্রবর্তিত।	তারিখ	তারিখ	১			১৫.০৫.২১	০১.০৬.২১	১৫.০৬.২১	৩০.০৬.২১					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩	
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ																
[২] বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	১৪	[২.১] বিধিমালা প্রণয়ন	[২.১.১] বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় মন্ত্রণালয় কর্তৃক বিদ্যুৎ বিধিমালা চূড়ান্তকরণ।	তারিখ	তারিখ	৩			০২.০৫.২১	১৭.০৫.২১	০২.০৬.২১	১৭.০৬.২১	৩০.০৬.২১			
		[২.২] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকির জন্য আয়োজিত সমন্বয় সভা।	[২.২.১] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকির জন্য আয়োজিত সমন্বয় সভা।	সমষ্টি	সংখ্যা	৩		১২	১২	১১	১০	৯	৮	১২	১২	
		[২.২] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকি।	[২.২.২] তদারকির মাধ্যমে ৭ (সাত) দিনের মধ্যে আবাসিক বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	ক্রমপঞ্জিভূত	%	১		৮০	৭৫	৭০	৬৫	৬০	৯০	১০০		
		[২.২] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকি।	[২.২.৩] তদারকির মাধ্যমে ১৮ (আঠার) দিনের মধ্যে এইচ টি বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	ক্রমপঞ্জিভূত	%	১		৭০	৬৫	৬০	৫৫	৫০	৮০	৯০		
		[২.৩] বিতরণ সিস্টেম লস হাসকরণ কার্যক্রমের তদারকি।	[২.৩.১] তদারকির মাধ্যমে বিতরণ সিস্টেম লস হাসকরণ নিশ্চিতকৃত।	ক্রমপঞ্জিভূত	%	৩		৯.০৯	৮.৭৩	৯.০০	৯.১০	৯.২০	৯.৩০	৯.৪০	৮.৯০	৮.৮০
[২.৪] বকেয়া হাসকরণ কার্যক্রমের তদারকি।	[২.৪.১] তদারকির মাধ্যমে বকেয়া হাসকরণ নিশ্চিতকৃত	ক্রমপঞ্জিভূত	সমমাস	৩		১.৮৬	১.৮৩	১.৯৩	১.৯৬	১.৯৭	১.৯৮	১.৯৯	১.৯০	১.৮০		
[৩] বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন	১৩	[৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধিকরণ কাজের তদারকি।	[৩.১.১] তদারকির মাধ্যমে লক্ষ্যমাত্রার সঞ্চালন লাইন নির্মাণ নিশ্চিতকৃত	সমষ্টি	সার্কিট কি:মি:	৩		৪৫৩	৫৮৪	৫০০	৪৫০	৪০০	৩৫০	৩০০	৬০০	৭০০
		[৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধিকরণ কাজের তদারকি।	[৩.১.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রার সঞ্চালন লাইন নির্মাণ কাজের তদারকি নিশ্চিতকৃত	সমষ্টি	সংখ্যা	২		৬	৫	৪	৩	২	৮	১০		
		[৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধিকরণ কাজের তদারকি।	[৩.২.১] তদারকির মাধ্যমে লক্ষ্যমাত্রার গ্রিড সাব-স্টেশন নির্মাণ নিশ্চিতকৃত	সমষ্টি	এমভিএ	৩		২৮২৭	২৩৩০	২৮৩০	২৮১৫	২৮০০	২৭৫০	২৭০০	৩০০০	৪০০০
		[৩.২.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রার গ্রিড সাব-স্টেশন নির্মাণ কাজের তদারকি নিশ্চিতকৃত	সমষ্টি	সংখ্যা	২		৫	৪	৩	২	১	৬	৮			
		[৩.৩] সঞ্চালন লস হাসকরণ কাজের তদারকি।	[৩.৩.১] তদারকির মাধ্যমে সঞ্চালন লস হাসকরণ নিশ্চিতকৃত	ক্রমপঞ্জিভূত	%	৩		২.৭৫	২.৮৭	৩.১০	৩.১৫	৩.২০	৩.২৫	৩.৩০	২.৯০	২.৭৫
[৪] বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন	১৩	[৪.১] সরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ	[৪.১.১] তদারকির মাধ্যমে সরকারি খাতে নতুন বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতকৃত	সমষ্টি	মেগাওয়াট	৫		১২৫১	১২৮০	১২৮৯	১১৮৯	৯৮৩	৬০০	১৫৮৩	২৫১৭	
		[৪.১] সরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ	[৪.১.২] তদারকির মাধ্যমে FGMO তে পরিচালিত বিদ্যুৎ কেন্দ্র	ক্রমপঞ্জিভূত	সংখ্যা	৩		২৪	২৮	২৭	২৬	২৫	২৪	৩৩	৩৮	
		[৪.২] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি।	[৪.২.১] তদারকির মাধ্যমে বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতকৃত।	সমষ্টি	মেগাওয়াট	৫		১৯৭০	৯৩৪	৬৬৫	৫৬৫	৫১৫	৪৬৫	৪১৫	৫৫৩	২৪১৯

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৫] টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন	১০	[৫.১] তদারকির মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদন।	[৫.১.১] তদারককৃত নবায়নযোগ্য জ্বালানি থেকে উৎপাদিত বিদ্যুৎ	সমষ্টি	মেগাওয়াট	৪	৪৪	১৪	৫২	৫০				৩৫	৪৫
		[৫.২] তদারকির মাধ্যমে সোলার সেচ সিস্টেম স্থাপন।	[৫.২.১] তদারককৃত স্থাপিত সেচ সিস্টেম	সমষ্টি	মেগাওয়াট	৩	১৭৫	১০.৫৫	২০	১৯	১৮	১৭	১৬	৩০	৫০
		[৫.৩] তদারকির মাধ্যমে রূপটপ সোলার সিস্টেম স্থাপন।	[৫.৩.১] তদারককৃত স্থাপিত রূপটপ সোলার সিস্টেম	সমষ্টি	মেগাওয়াট	৩	১০.৫০	১২.০৫	১	৯	৮	৭	৬	২	৩

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	২			১২	১১					
			[১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সমষ্টি	সংখ্যা	১			৪						
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩					
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১			৪	৩	২				
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩	২				
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	গড়	%	২			৮০	৭০	৬০				
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	তারিখ	তারিখ	২			১৫.০২.২১	১৫.০৩.২১	১৫.০৪.২১	১৫.০৫.২১			
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	তারিখ	তারিখ	১			২৫.০২.২১	২৫.০৩.২১	২৫.০৪.২১	২৫.০৫.২১			
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	জনঘন্টা	২					৫০	৪০	৩০	২০	
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	সমষ্টি	জনঘন্টা	১					৫	৪			
[২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	১					১						

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	সমষ্টি	%	১			১০০	৯০	৮০				
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	%	২			১০০	৯০	৮০				
			[৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	%	১			১০০	৯০	৮০				
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি	ক্রমপুঞ্জিভূত	%	১			৮০	৭০	৬০	৫০			
			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	ক্রমপুঞ্জিভূত	%	১			৫০	৪০	৩০	২৫			

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



সচিব
বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ
মন্ত্রণালয়

১৭ অক্টোবর ২০২০

তারিখ



মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

২৭.০৯.২০২০

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	বিইপিআরসি	বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল
২	স্রেডা	সাসটেইনেবল এন্ড রিনিউএবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি
৩	বিপিডিবি	বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড
৪	বিআরইবি	বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড
৫	ডিপিডিসি	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
৬	ডেসকো	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
৭	ওয়েস্ট জোন	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
৮	নেসকো	নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড
৯	এপিএসসিএল	আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড
১০	আরপিসিএল	রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড
১১	নওপাজেকো	নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
১২	পিজিসিবি	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
১৩	এমআইএস	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম
১৪	এমওডি	মাছুলি অপারেশন ডাটা
১৫	এমডিএ	মেগাভোল্ট অ্যাম্পিয়ার
১৬	এমএমসিএফডি	মিলিয়ন কিউবিক ফিট পার ডে
১৭	সিইআই	চিফ ইলেকট্রিক ইন্সপেকটর
১৮	SAIDI	সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[১.১] বিদ্যুৎ বিতরণ লাইন সম্প্রসারণ কাজের তদারকি।	[১.১.১] তদারকির মাধ্যমে সম্প্রসারণকৃত বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ নিশ্চিতকৃত	বিপিডিবি, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো ও নেসকো এর মাধ্যমে নতুন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ।	উন্নয়ন অনুবিভাগ, সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।
	[১.১.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ কাজের তদারকি নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভূক্ত নতুন বিতরণ লাইন নির্মাণ নিশ্চিতকৃত		বিদ্যুৎ বিভাগের সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।
[১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন কাজের তদারকি।	[১.২.১] তদারকির মাধ্যমে নতুন সংযোজিত উপকেন্দ্র স্থাপন নিশ্চিতকৃত	জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ।	উন্নয়ন অনুবিভাগ, সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।
	[১.২.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে নতুন উপকেন্দ্র স্থাপন কাজের তদারকি নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভূক্ত নতুন সাব স্টেশন নির্মাণ নিশ্চিতকৃত		বিদ্যুৎ বিভাগের সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।
[১.৩] প্রি-পেইন্ট মিটার স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণ।	[১.৩.১] তদারকির মাধ্যমে নতুন প্রি-পেইন্ট মিটার স্থাপন নিশ্চিতকৃত	গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেইন্ট মিটার স্থাপন বৃদ্ধি।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।
	[১.৩.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে প্রি-পেইন্ট মিটার স্থাপন কাজের তদারকি নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভূক্ত নতুন প্রি-পেইন্ট মিটার স্থাপন নিশ্চিতকৃত		বিদ্যুৎ বিভাগের সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।
[১.৪] নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ।	[১.৪.১] হাসকৃত SAIDI	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণের মাধ্যমে SAIDI কমানো।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[১.৫] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু কার্যক্রম নিশ্চিতকরণ।	[১.৫.১] ইস্যুকৃত লাইসেন্স	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের মাধ্যমে বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স প্রদান কাজের তদারকী।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।
[১.৬] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন কার্যক্রম নিশ্চিতকরণ	[১.৬.১] নবায়নকৃত লাইসেন্স	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের মাধ্যমে বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স নবায়ন কার্যক্রম তদারকী।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর মাসিক প্রতিবেদন।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর মাসিক অগ্রগতির প্রতিবেদন।
[১.৭] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান কার্যক্রম নিশ্চিতকরণ	[১.৭.১] অনুমোদনকৃত উপকেন্দ্র	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের মাধ্যমে বৈদ্যুতিক এইচটি সংযোগের জন্য স্থাপনকৃত উপকেন্দ্রের অনুমোদন প্রদান।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর মাসিক প্রতিবেদন।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর মাসিক অগ্রগতি প্রতিবেদন।
[১.৮] বিদ্যুৎ সুবিধা প্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধিকরণ	[১.৮.১] বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা	বিপিডিবি, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো ও নেসকো এর মাধ্যমে গ্রাহকগণকে বিদ্যুৎ সংযোগ প্রদান।	উন্নয়ন অনুবিভাগ, প্রশাসন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ, সমন্বয় অনুবিভাগ, এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিপিডিবি, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো ও নেসকো এর প্রতিবেদন।
[১.৯] গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ	[১.৯.১] আয়োজিত গণশুনানী	বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিপিডিবি, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো ও নেসকো এর গ্রাহকগণের জন্য বিভাগীয় শহরে আয়োজিত গণশুনানী।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	গণশুনানীর নোটিশ।	গণশুনানীর নোটিশ।
[১.১০] বৈদ্যুতিক লাইসেন্স প্রদান কার্যক্রম স্বয়ংক্রিয়করণ।	[১.১০.১] বৈদ্যুতিক লাইসেন্স প্রদান কার্যক্রমে স্বয়ংক্রিয় ব্যবস্থা প্রবর্তিত।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরে বিদ্যুৎ লাইসেন্স প্রদান কার্যক্রমে স্বয়ংক্রিয় ব্যবস্থার প্রবর্তণ।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর প্রকল্প সমাপ্তির প্রতিবেদন।	প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এবং পাওয়ার সেলের মাসিক অগ্রগতির প্রতিবেদন।
[২.১] বিধিমালা প্রণয়ন	[২.১.১] বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় মন্ত্রণালয় কর্তৃক বিদ্যুৎ বিধিমালা চূড়ান্তকরণ।	বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধিমালায় অনুমোদন।	বিদ্যুৎ বিভাগের বিধি ও পলিসি শাখা।	প্রকাশিত গেজেট।	প্রকাশিত গেজেট।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[২.২] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকি।	[২.২.১] বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকির জন্য আয়োজিত সমন্বয় সভা।	বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন, বিতরণ এবং টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন কাজের তদারকির জন্য আয়োজিত সমন্বয় সভা।	বিদ্যুৎ বিভাগের সমন্বয়-৩ অধিশাখা।	সভার কার্যবিবরণী।	সভার কার্যবিবরণী।
	[২.২.২] তদারকির মাধ্যমে ৭ (সাত) দিনের মধ্যে আবাসিক বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভুক্ত ৭ (সাত) দিনের মধ্যে আবাসিক বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।
	[২.২.৩] তদারকির মাধ্যমে ১৮ (আঠার) দিনের মধ্যে এইচ টি বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভুক্ত ১৮(আঠার) দিনের মধ্যে এইচটি বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকৃত ০	বিদ্যুৎ বিভাগের সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন।
[২.৩] বিতরণ সিস্টেম লস হাসকরণ কার্যক্রমের তদারকি।	[২.৩.১] তদারকির মাধ্যমে বিতরণ সিস্টেম লস হাসকরণ নিশ্চিতকৃত।	বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের সিস্টেম লস হাসকরণ।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।
[২.৪] বকেয়া হাসকরণ কার্যক্রমের তদারকি।	[২.৪.১] তদারকির মাধ্যমে বকেয়া হাসকরণ নিশ্চিতকৃত	বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হাসকরণ।	সমন্বয় অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিপিডিবি, বিআরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন।
[৩.১] সঞ্চালন লাইন বৃদ্ধিকরণ কাজের তদারকি।	[৩.১.১] তদারকির মাধ্যমে লক্ষ্যমাত্রার সঞ্চালন লাইন নির্মাণ নিশ্চিতকৃত	পিজিসিবি কর্তৃক সঞ্চালন লাইন নির্মাণ।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	পিজিসিবি ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	পিজিসিবি এর বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস এবং নিরীক্ষা প্রতিবেদন।
	[৩.১.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রার সঞ্চালন লাইন নির্মাণ কাজের তদারকি নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভুক্ত সঞ্চালন লাইন নির্মাণ নিশ্চিতকৃত	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন, পিজিসিবি ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	পিজিসিবি এর বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস এবং নিরীক্ষা প্রতিবেদন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধিকরণ কাজের তদারকি।	[৩.২.১] তদারকির মাধ্যমে লক্ষ্যমাত্রার গ্রিড সাব-স্টেশন নির্মাণ নিশ্চিতকৃত	পিজিসিবি কর্তৃক গ্রিড সাব-স্টেশন স্থাপন কাজের তদারকী।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	পিজিসিবি ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	পিজিসিবি এর বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস এবং নিরীক্ষা প্রতিবেদন।
[৩.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধিকরণ কাজের তদারকি।	[৩.২.২] সমন্বয় সভা ও পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রার গ্রিড সাব-স্টেশন নির্মাণ কাজের তদারকি নিশ্চিতকৃত	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভা, বিশেষ সভা ও কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের মাধ্যমে লক্ষ্যমাত্রাভুক্ত গ্রিড সাব-স্টেশন স্থাপন/নির্মাণ নিশ্চিতকৃত	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন, পিজিসিবি ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	পিজিসিবি এর বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস এবং নিরীক্ষা প্রতিবেদন।
[৩.৩] সঞ্চালন লস হ্রাসকরণ কাজের তদারকি।	[৩.৩.১] তদারকির মাধ্যমে সঞ্চালন লস হ্রাসকরণ নিশ্চিতকৃত	পিজিসিবি এর মাধ্যমে বাংলাদেশের বিদ্যুৎ সঞ্চালন লস কমানোর কার্যক্রম তদারকী।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	পিজিসিবি ও পাওয়ার সেল এর প্রতিবেদন।	পিজিসিবি এর বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস এবং নিরীক্ষা প্রতিবেদন।
[৪.১] সরকারি খাতে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ	[৪.১.১] তদারকির মাধ্যমে সরকারিখাতে নতুন বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতকৃত	বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল, বি-আর পাওয়ারজেন এর মাধ্যমে নতুন বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সংযোজন কাজের তদারকী।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল এবং বি-আর পাওয়ারজেন এর প্রতিবেদন।	বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল এবং বি-আর পাওয়ারজেন এর বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিরীক্ষা প্রতিবেদন।
	[৪.১.২] তদারকির মাধ্যমে FGMO তে পরিচালিত বিদ্যুৎ কেন্দ্র	চলমান বিদ্যুৎ কেন্দ্রসমূহকে পর্যায়ক্রমে FGMO তে পরিচালন কাজের তদারকী।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল এবং বি-আর পাওয়ারজেন এর প্রতিবেদন।	বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল এবং বি-আর পাওয়ারজেন এর প্রতিবেদন।
[৪.২] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি।	[৪.২.১] তদারকির মাধ্যমে বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতকৃত।	বেসরকারি খাতের নতুন বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সংযোজন কাজের তদারকী।	উন্নয়ন অনুবিভাগ, পরিকল্পনা অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	বাবিউবো এবং পাওয়ার সেল এর প্রতিবেদন।	বাবিউবো এবং পাওয়ার সেল এর প্রতিবেদন।
[৫.১] তদারকির মাধ্যমে নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদন।	[৫.১.১] তদারকিকৃত নবায়নযোগ্য জ্বালানি থেকে উৎপাদিত বিদ্যুৎ	নবায়নযোগ্য জ্বালানি এর মাধ্যমে নতুন বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সংযোজন কাজের তদারকী।	বিধি ও নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	স্টেডা, বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল এবং বি-আর পাওয়ারজেন এর প্রতিবেদন।	স্টেডা, বাবিউবো, এপিএসসিএল, নওপাজেকো, আরপিসিএল এবং বি-আর পাওয়ারজেন এর প্রতিবেদন এবং পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন,

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[৫.২] তদারকির মাধ্যমে সোলার সেচ সিস্টেম স্থাপন।	[৫.২.১] তদারককৃত স্থাপিত সেচ সিস্টেম	নবায়নযোগ্য জ্বালানি এর মাধ্যমে স্থাপিত কৃষকদের মাঝে সেচ সিস্টেম স্থাপন কাজের তদারকী।	বিধি ও নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	স্ট্রেডা, বাবিউবো, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো এবং নেসকো এর প্রতিবেদন।	স্ট্রেডা, বাবিউবো, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো এবং নেসকো এর প্রতিবেদন এবং পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন।
[৫.৩] তদারকির মাধ্যমে রূপটপ সোলার সিস্টেম স্থাপন।	[৫.৩.১] তদারককৃত স্থাপিত রূপটপ সোলার সিস্টেম	নবায়নযোগ্য জ্বালানি এর মাধ্যমে স্থাপিত রূপটপ সোলার সিস্টেম স্থাপন কাজের তদারকী।	বিধি ও নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ এবং সুশাসন ও কর্মসম্পাদন অনুবিভাগ।	স্ট্রেডা, বাবিউবো, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো এবং নেসকো এর প্রতিবেদন।	স্ট্রেডা, বাবিউবো, বিআরইবি, ডেসকো, ডিপিডিসি, ওজোপাডিকো এবং নেসকো এর প্রতিবেদন এবং পাওয়ার সেলের কেপিআই অগ্রগতি প্রতিবেদন।

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
মন্ত্রণালয় / বিভাগ	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	তদারকির মাধ্যমে সরকারিখাতে নতুন বিদ্যুৎ উৎপাদন নিশ্চিতকৃত	১,২০০ এমএমসিএফডি প্রাকৃতিক গ্যাস ও ২১.৫ লক্ষ মেট্রিক টন তরল জ্বালানি	বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি	উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না।